# 2024

## BENGALI

Paper : BEN0100104

( শিশু ও কিশোর সাহিত্য )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের কাহিনিতে হৃদয়ের বাড়ি কোন্ গ্রামে ছিল?

(খ) হৃদয়কে কারা ঘরে তালা বন্ধ করে রেখে যেত?

(গ) "তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জানত?" —এখানে কার মাথার ব্যামোর কথা বলা হয়েছে?

(ঘ) 'খিচুড়ি' কবিতায় জিরাফ কার ঢং ধরে উড়তে চেয়েছিল?

(ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে পাঁচুমামা ছোটবেলায় একবার ভুলে কী খেয়ে ফেলেছিলেন?

(চ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে পদিপিসির বর্মিবাক্স হারিয়ে গেলে আবার তিনি কাকে সঙ্গে নিয়ে নিমাই খুড়োর খোঁজে গিয়েছিলেন?

(ছ) 'প্রোফেসর শঙ্কু ও আশ্চর্য পুতুল'-এর কাহিনিতে বর্ণিত ইংল্যাণ্ডের প্রাণীতত্ত্ববিদের নাম কী ছিল?

(জ) 'প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য'-এর কাহিনিতে বলটি দেখতে টেনিস বলের কয়গুণ বড় ছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো (যে কোনো ছটি) : ২×৬=১২

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের কাহিনিতে হৃদয়দের গোয়ালঘরে কটি গাই বাঁধা ছিল? সেগুলির মধ্য থেকে যে কোনো দুটির নাম লেখো।

(খ) হৃদয় দুষ্টুমি করে কুঁকড়ো ও বিড়ালকে কী করতো?

(গ) "...... লাফ দিয়ে তার গলা জড়িয়ে—আমিও যাব বলে ঝুলে পড়ল!" এখানে কে, কার গলা জড়িয়ে ঝুলে পড়েছিল?

(ঘ) 'খিচুড়ি' কবিতায় জলে ও জঙ্গলে কারা যেতে চেয়েছিল?

(ঙ) 'সৎপাত্র' কবিতায় সৎপাত্রের মুখের গঠন কী রকম ছিল? সে কী রোগে ভুগত?





(চ) 'খুড়োর কল' কবিতায় খুড়ো অল্প বয়সে কী বলে কেঁদে উঠেছিলেন? এটা শুনে সবাই খুড়ো সম্পর্কে কী বলেছিল?

(ছ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে পদিপিসি কীসে চড়ে, কোন্ সময়ে নিমাই খুড়োর বাড়ি রওয়ানা দিয়েছিলেন?

(জ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে ঘনশ্যাম কাদের আনতে স্টেশনে গিয়েছিল?

(ঝ) 'ব্যোমযাত্রীর ডায়রি'-র কাহিনিতে প্রোফেসর শঙ্কুর ডায়রির দুটি তারিখ উল্লেখ করো।

(ঞ) প্রোফেসর শঙ্কু বটফলের রস থেকে কী বটিকা তৈরি করেছিলেন? এটি খেলে কত সময়ের জন্যে খিদে তেষ্টা মিটে যেত?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) গুগলীর সঙ্গে হৃদয়ের কথোপকথন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) চকা-নিকোবর সম্পর্কে যা জান বুঝিয়ে লেখো।

(গ) 'খুড়োর কল' কবিতায় বর্ণিত খুড়োর কলের বিশেষত্ব তুলে ধরো।

(ঘ) 'গোঁফ চুরি' কবিতার হেড অফিসের বড়বাবুর চরিত্র আলোচনা করো।

(ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের খেন্তিপিসি চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে বিয়ের মন্ত্রের পুথি চুরি করে গজা তাতে যা লিখে রেখেছিল তার যথাযথ বিবরণ দাও।

(ছ) 'ব্যোমযাত্রীর ডায়রি'-র কাহিনিতে প্রোফেসর শঙ্কুর ডায়রি কী রকম ছিল তার বর্ণনা দাও।

(জ) 'প্রোফেসর শঙ্কু ও আশ্চর্য পুতুল'-এর কাহিনিতে গ্রেগর লিন্ডকুইস্ট প্রোফেসর শঙ্কুকে কীভাবে পুতুল বানাতে চেয়েছিল সে সম্পর্কে আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুইটি) : ১০×২=২০

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'চলন বিল' অংশে লেখক হৃদয়ের মানস সরোবরে যাত্রাপথের যে চিত্র অঙ্কন করেছেন তার যথাযথ বিবরণ দাও।

(গ) 'খিচুড়ি' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

(ঘ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঙ) 'ব্যোমযাত্রীর ডায়রি'-র কাহিনিতে লেখক মঙ্গলগ্রহের যে বিবরণ দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

* * *